ঠাকুরগাঁওয়ে তিন জাতীয় দিবস উদ্যাপনে প্রস্তুতিমূলক সভা

ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয়ে মহান বিজয় দিবস, শহিদ বুদ্ধিজীবী দিবস ও পাকিস্তানি হানাদার মুক্ত দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। গতকাল মঙ্গলবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় জেলা প্রশাসক ইশরাত ফারজানার সভাপতিত্বে বক্তব্য দেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সরদার মোস্তফা শাহিন, অতিরিক্ত পুলিশ সুপার (হিসাব ও অর্থ) লিজা বেগম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মিথুন সরকার, জেলা জেএসডির সভাপতি মনসুর আলী, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ সিদ্দিকী, জেলা জামায়াতের আমীর বেলাল হোসেন প্রধান, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির পরিচালক মামুন উর রশিদ, বিশিষ্ট ব্যবসায়ি মুরাদ হোসেন, সাংবাদিক রেজওয়ানুল হক রিজু, সাইফুল ইসলাম প্রবাল প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উল্লেখিত জাতীয় দিবসগুলো সুষ্ঠুভাবে উদযাপন করতে গুরুত্বপুর্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।